বাফুফে সভাপতির বিবৃতি - এপ্রিল ২০১৯

শুভেচ্ছা!

বঙ্গমাতা গোল্ড কাপের ফাইনালে অ-১৯ নারী দল

বাংলাদেশ অ-১৯ নারী ফুটবল দল প্রথমবারের অনুষ্ঠিত হওয়া বঙ্গমাতা নারী আন্তর্জাতিক গোল্ড কাপের ফাইনাল নিশ্চিত করেছে।

সেমিফাইনালে মঙ্গোলিয়াকে ৩-০ গোলে পরাজিত করে বাংলার মেয়েরা ফাইনালের টিকিট নিশ্চিত করে।

এর আগে অসাধারণ ফুটবল খেলে সংযুক্ত আরব আমিরাত এবং কিরগিজিস্তানকে হারানোর মধ্য দিয়ে লাল সবুজ মেয়েরা গ্রুপ বি থেকে চ্যাম্পিয়ন হিসেবে সেমিফাইনালে উঠে।

এখন ৩ মে অনুষ্ঠিতব্য ফাইনালে লাওস কে হারাতে পারলে বাংলাদেশের মেয়েরা প্রথমবারের মত অনুষ্ঠিত বঙ্গমাতা নারী আন্তর্জাতিক গোল্ড কাপের চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করবে।

ইতোমধ্যেই প্রথম সেমিফাইনালে কিরগিজিস্তানকে ৭-১ গলের বড় ব্যবধানে হারিয়ে লাওস ফাইনাল নিশ্চিত করেছে।

বেগম ফজিলাতুন্নেসা মুজিবের জীবন ও আদর্শকে স্মরণীয় করে রাখতে বাফুফের আয়োজনে এই টুর্নামেন্ট শুরু হয় সংযুক্ত আরব আমিরাত এবং স্বাগতিক বাংলাদেশের মধ্যকার ম্যাচ দিয়ে। এখন পর্যন্ত টুর্নামেন্টটি খুবই সুন্দর এবং সুষ্ঠুভাবে অনুষ্ঠিত হয়েছে।

টুর্নামেন্টটি সফল করার লক্ষ্যে এর স্বত্বাধিকারী প্রতিষ্ঠান কে স্পোর্টসকে সাথে নিয়ে বাফুফে যাবতীয় পদক্ষেপ গ্রহণ করেছে।

আপনারা জানেন যে আমরা নিয়মিত বঙ্গবন্ধু গোল্ড কাপ আয়োজন করে আসছি। বঙ্গমাতা গোল্ড কাপও আমাদের নিয়মিত আয়োজনের অংশ হতে যাচ্ছে।

বঙ্গমাতা গোল্ড কাপ প্রতি বছরের শুরুর দিকে আয়োজন করা করা হবে এবং বঙ্গবন্ধু গোল্ড কাপ অনুষ্ঠিত হবে প্রতি বছর শেষের দিকে।

বাংলাদেশে এই টুর্নামেন্টটি এ ধরণের আয়োজনের মধ্যে একেবারেই প্রথম। আমরা আশা করছি এটি দেশের নারী ফুটবলের উন্নতিতে একটি প্ল্যাটফর্ম হিসেবে কাজ করবে।

বাফুফে বিশ্বাস করে প্রথমবারের মতো নারী ফুটবলের আন্তর্জাতিক টুর্নামেন্ট আয়োজনের মাধ্যমে আন্তর্জাতিক ফুটবল অঙ্গনে বাংলাদেশ তার উজ্জ্বল পদচারণা শুরু করবে।

ফিফা এবং এএফসির যৌথ বাছাইয়ে লাওসের মুখোমুখি বাংলাদেশ

২০২২ সালে অনুষ্ঠিতব্য কাতার বিশ্বকাপ এবং ২০২৩ সালে অনুষ্ঠিতব্য এশিয়ান কাপের জন্য ফিফা এবং এএফসি কর্তৃক প্রাথমিক যৌথ বাছাইয়ের ১ম পর্বে লাওসের মুখোমুখি হবে বাংলাদেশ।

এই দুই টুর্নামেন্টের জন্য মোট ১২টি দল প্রাথমিক যৌথ বাছাইয়ের ১ম পর্বে অংশগ্রহণ করছে।

গত ১৭ এপ্রিল মালেশিয়ার রাজধানী কুয়ালালামপুরে অনুষ্ঠিত এক ড্রয়ের মাধ্যমে দেশগুলোর ভাগ্য নির্ধারিত হয়।

প্রাথমিক যৌথ বাছাইয়ের ১ম পর্বের প্রথম লেগের খেলা আগামী ৬ জুন লাওসের রাজধানী ভিয়ানতিয়ানের নিউ লাওস ন্যাশনাল স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে। অন্যদিকে ফিরতি লেগের খেলা অনুষ্ঠিত হবে ১১ জুন বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে।

ওই দুই ম্যাচের বিজয়ী দল এশিয়ার সেরা ৩৪টি দল নিয়ে আগামী সেপ্টেম্বরে শুরু হতে যাওয়া প্রাথমিক যৌথ বাছাইয়ের ২য় পর্বে খেলবে।

জাতীয় দলের চার ধাপ উন্নতি

বাংলাদেশ জাতীয় ফুটবল দল সম্প্রতি প্রকাশিত হওয়া ফিফা র্যাংকিং এ চার ধাপ উপরে উঠেছে - যা দেশের ফুটবলপ্রেমি মানুষকে আনন্দিত করেছে।

লাল-সবুজ দল ১৯২ তম স্থান থেকে ৯০৯ পয়েন্ট নিয়ে ১৮৮ তম স্থানে উঠে এসেছে।

এছাড়াও গুয়ামকে (৯০৭ পয়েন্ট) পেছনে ফেলে এশিয়ার মধ্যে ৪১ তম অবস্থানে উঠে এসেছে।

র‍্যাঙ্কিং এ বাংলাদেশের এই উত্থানের পেছনে গত ৯ মার্চ ক্যাম্বোডিয়ার বিরুদ্ধে ১-০ গোলের ব্যবধানে জয়টির গুরুত্বপূর্ণ ভূমিকা ছিল।

এই ইতিবাচক পরিবর্তনটি ছোট মনে হলেও এটি সাম্প্রতিক সময়ে জাতীয় দলের খেলোয়াড় এবং কর্মকর্তাদের অক্লান্ত পরিশ্রমের একটি প্রমাণ।

বাফুফে আশা করে তরুণ বাংলাদেশ দল ধীরে ধীরে আরো উন্নতি করবে এবং আগামী দিনগুলোতে দেশের জন্য আরো সম্মান বয়ে নিয়ে আসবে।

এএফসি কংগ্রেসে টানা দ্বিতীয়বারের মত নির্বাচিত কিরণ

বাফুফে নির্বাহী কমিটির সদস্য এবং নারী ফুটবল কমিটির সভাপতি মাহফুজা আক্তার কিরন এশিয়ান ফুটবল কনফেডারেশনের (এএফসি) ২৯ তম কংগ্রেসে টানা দ্বিতীয়বারের মত নির্বাচিত হয়েছেন।

সমগ্র এশিয়া অঞ্চলে কিরণই একমাত্র নারী যিনি টানা দুইবারের মত নির্বাচিত হওয়ার এই গৌরব অর্জন করেন।

চলতি বছরের ৬ এপ্রিল মালেশিয়ার রাজধানী কুয়ালালামপুরে এএফসির ২৯ তম কংগ্রেস চলাকালে অনুষ্ঠিত হওয়া নির্বাচনে তিনি এএফসি নারী নির্বাহী কমিটির (সাউথ জোন) সদস্য নির্বাচিত হন।

তিনি টানা দ্বিতীয়বারের মত ফিফা কাউন্সিলেরও সদস্য নির্বাচিত হন।

আমি তাঁকে তাঁর এমন গৌরবোজ্জ্বল অর্জনের জন্য অভিনন্দন জানাই এবং তিনি যেন আগামী চার বছর সাফল্যের সাথে দায়িত্ব পালন করে যেতে পারেন সেই কামনা করি।

এএফসি গোলকিপিং লেভেল-১ কোচিং কোর্স শুরু

এ বছরের ২৭ এপ্রিল এএফসি গোলকিপিং লেভেল-১ কোচিং কোর্স-২০১৯ শুরু হয়েছে।

বাফুফের আয়োজনে এটি এই কোর্সের তৃতীয় সংস্করণ।

ছয়দিনব্যাপী কোর্সটি শেষ হবে ২ মে।

কোচদেরকে আরো উন্নতমানের প্রশিক্ষণ দিতে এবং মেধাবী গোলকিপার খুঁজে বের করার লক্ষ্য নিয়েই কোর্সটির আয়োজন করা হয়েছে।

সর্বমোট ২৪টি সিটের বিপরীতে দেশ-বিদেশের মোট ২৩ জন প্রার্থী এই কোর্সে অংশগ্রহন করছেন।

নির্বাচিত প্রার্থীদের মধ্যে দুইজন ভারত এবং কেনিয়া থেকে এসেছেন। বাকিরা দেশের সর্বোচ্চ পর্যায় এবং জেলা পর্যায়ের বিভিন্ন ক্লাব থেকে এসেছেন।

গোলকিপার কোচদেরকে মৌলিক কৌশল সম্পর্কে প্রশিক্ষিত করতে, কার্যকর প্রশিক্ষন পরিকল্পনা করতে এবং টেকনিক্যাল ডিপার্টমেন্টে গোলকিপিং কোচদের গুরুত্ব অনুধাবন করানোর লক্ষ্য নিয়ে এএফসি নির্দেশনা অনুসরন করে এই কোর্সে তাত্ত্বিক এবং ব্যবহারিক দুই ধরনের কার্যক্রমের সমন্বয়ে সাজানো হয়েছে।

আধুনিক ফুটবলের চাহিদা অনুযায়ী কোর্সটিতে সর্বোচ্চ দুই দিনের তাত্বিক প্রশিক্ষণ এবং চার দিনের ব্যবহারিক প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে।

ফরটিস বাফুফে একডেমিতে নবীন প্রতিভাদের যাত্রা শুরু

প্রায় দুই মাস আগে বাফুফের ট্যালেন্ট হান্ট কর্মসূচীর মাধ্যমে উঠে আসা অ১৫ এবং অ১৮ খেলোয়াড়েরা ঢাকার বেড়াইদে অবস্থিত বাফুফে একাডেমিতে তাদের প্রথম আবাসিক ক্যাম্প শুরু করেছে।

গত ৫ এপ্রিলের রৌদ্রোজ্জ্বল সকালে মোট ৬০ জন নবাগতকে নিয়ে এই ক্যাম্প শুরু হয়।

বাফুফে কর্তৃক নির্বাচিত সাতজন কোচের অধীনে প্রশিক্ষিত হতে দেশের বিভিন্ন প্রান্ত থেকে আগত ৩২ জন অ১৫ এবং ২৮ জন অ১৮ ফুটবলার এই ক্যাম্পে যোগ দিয়েছে।

এছাড়াও শীঘ্রই একজন বিদেশি কোচ স্থানীয় কোচদের সাথে যোগ দেবেন।

বাফুফে বিশ্বাস করে দেশের ফুটবলের আগামী তারকাদেরকে গড়ে তুলতে এই একাডেমি গুরুত্বপূর্ন ভুমিকা পালন করবে।

নারী ফুটবল দিবস ২০১৯ পালিত

গত ১২ এপ্রিল 'নারী ফুটবল দিবস-২০১৯' উপলক্ষে ঢাকার বিভিন্ন স্কুল থেকে আগত কিশোরীদের জন্য বঙ্গমাতা অ১৯ নারী আন্তর্জাতিক গোল্ড কাপের আয়োজকদেরকে সাথে নিয়ে বাফুফে একটি বুটক্যাম্পের আয়োজন করে।

বুটক্যাম্পে ছোট ছোট মেয়েরা কিছু প্রেরণাদায়ী মানুষের কাছ থেকে প্রশিক্ষন লাভের অভিজ্ঞতা অর্জন করে।

প্রেরনাদায়ী এমন দুইজন ছিলেন বিশ্বকাপে অংশগ্রহনকারী কলম্বিয়া জাতীয় নারী দলের খেলোয়াড় জেসিকা হুরতাদো এবং ক্যাতেরিন ফ্যাবিওলা ক্যাস্ত্রো মুনোজ।

দেশের বর্তমান ও ভবিষ্যত নারী ফুটবলারদেরকে উদ্দীপ্ত করতে ও প্রেরনা যোগাতে এবং বঙ্গমাতা অ১৯ নারী আন্তর্জাতিক গোল্ড কাপের প্রচারণা চালানোর জন্য বাফুফে ওই দুই নারী ফুটবলারকে আমন্ত্রণ জানিয়েছিল।

সেদিন ফরটিস মাঠের আলাদা আলাদা ক্যাম্পে উপস্থিত থেকে জাতীয় দলের ৫৩ জন এবং বিকেএসপির ৩৭ জন নারী খেলোয়াড় বিশেষ প্রশিক্ষণ লাভ করেন।

এছাড়া বিভিন্ন স্কুলকে প্রতিনিধিত্ব করা মেয়েরা কয়েকটি প্রদর্শনী ম্যাচে অংশগ্রহণ করে। মোট আটটি জমজমাট ম্যাচের পর বিচারকগণ অসাধারন নৈপুণ্য প্রদর্শন করা এগারোজন কিশোরীকে নির্বাচিত করে এবং তাদেরকে 'সেরা প্রতিশ্রুতিশীল খেলোয়াড়' পদকে ভূষিত করেন। বাকিরা সবাই তাদের কৃতিত্বের স্বীকৃতিস্বরূপ সনদপত্র গ্রহন করে।

পরদিন বাফুফের আর্টিফিসিয়াল টার্ফে বিভিন্ন ইউনিসেফ স্কুল থেকে আগত সুবিধাবঞ্চিত মেয়েদের সাথে বাংলাদেশ অ১৯ নারী দল একটি প্রীতি ম্যাচ খেলে। এটিও বঙ্গমাতা অ১৯ নারী আন্তর্জাতিক গোল্ড কাপের প্রচারণার অংশ ছিল।

সুষ্ঠুভাবে চলছে বিসিএলের দ্বিতীয় পর্ব

গত ৯ এপ্রিল শুরু হয় বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০১৮-১৯ এর দ্বিতীয় পর্ব।

বিসিএলের চলতি মৌসুম শুরু হয় গত ১০ ফেব্রুয়ারি। দেশীয় ফুটবলের দ্বিতীয় মর্যাদাপূর্ণ শিরোপার এই লড়াইয়ে অংশগ্রহন করে মোট এগারোটি দল।

টুর্নামেন্টের সবগুলো ম্যাচই ঢাকার কমলাপুরে অবস্থিত বীরশ্রেষ্ঠ শহীদ সিপাহী মোহাম্মদ মোস্তফা কামাল স্টেডিয়ামে অনুষ্ঠিত হচ্ছে।

বিপিএলের দ্বিতীয় খেলোয়াড় নিবন্ধন কার্যক্রম চলছে

বাংলাদেশ প্রিমিয়ার লীগ এর চলতি আসরের দ্বিতীয় খেলোয়াড় রেজিস্ট্রেশন কার্যক্রম শুরু হয়েছে গত ২১ এপ্রিল। এ সময়কালের মধ্যে প্রতি কার্যদিবসে দুপুর ১২টা থেকে ৫টা পর্যন্ত খেলোয়াড় নিবন্ধনের কার্যক্রম চলবে।

এএফসি কাপঃ গ্রুপ ই তে দ্বিতীয় অবস্থানে ঢাকা আবাহনী

গত ৭ এপ্রিল ঢাকার বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে এএফসি কাপ ২০১৯ এর গ্রুপ পর্বের দ্বিতীয় খেলায় বাংলাদেশ প্রিমিয়ার লীগের বর্তমান চ্যাম্পিয়ন ঢাকা আবাহনী লিঃ ভারতের মিনার্ভা পাঞ্জাবের বিপক্ষে দুইবার পিছিয়ে পড়েও ম্যাচটি ড্র করে গুরুত্বপূর্ন একটি পয়েন্ট ছিনিয়ে নেয়। এই ড্রয়ের মাধ্যমে আবাহনী দুই পয়েন্ট এগিয়ে থেকে টুর্নামেন্টের ‘ই’ গ্রুপের শীর্ষস্থান দখলে নেয়।

কিন্তু এপ্রিল ৩০ এর অ্যাওয়ে ম্যাচে চেন্নাইয়িন এফসির কাছে দুর্ভাগ্যবশত ১-০ গোলে হেরে যায় আবাহনী। এতে করে এখন গ্রুপ ই তে তাদের অবস্থান দুই নম্বরে।

বঙ্গবন্ধু এবং বঙ্গমাতা গোল্ড কাপের ফাইনাল অনুষ্ঠিত

গত ৪ এপ্রিল ঢাকার বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে বঙ্গবন্ধু গোল্ড কাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ২০১৮ এবং বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেসা মুজিব গোল্ড কাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ২০১৮ এর ফাইনাল অনুষ্ঠিত হয়।

ছেলেদের ফাইনালে সিলেটের জৈন্তাপুরের হরিপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় নীলফামারীর দক্ষিন কানিয়া খাতা প্রাথমিক বিদ্যালয়কে ১-০ গোলে হারিয়ে চ্যাম্পিয়ন হয়।

অন্যদিকে ময়মনসিংহ জেলার নান্দাইল পাঁচমুখী প্রাথমিক বিদ্যালয় নিলফামারীর পাটগ্রাম টেপুর গাড়ি প্রাথমিক বিদ্যালয়কে সমান সংখ্যক গোল ব্যবধানে হারিয়ে মেয়েদের প্রতিযোগিতা বঙ্গমাতা

বেগম ফজিলাতুন্নেসা মুজিব গোল্ড কাপ প্রাইমারি স্কুল ফুটবল টুর্নামেন্ট ২০১৮ এর শিরোপা লাভ করে।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রধান অতিথী হিসেবে পুরষ্কার বিতরণী অনুষ্ঠানে উপস্থিত থেকে বিজয়ীদের মধ্যে পুরষ্কার বিতরণ করেন।

বাফুফে পরিদর্শনে গণপ্রজাতন্ত্রী কোরিয়ার রাষ্ট্রদূত

বাংলাদেশে নিযুক্ত গনপ্রজাতন্ত্রী কোরিয়ার রাষ্ট্রদূত পাক সং ইয়োপ গত ২৭ এপ্রিল বাফুফে ভবন পরিদর্শনে আসেন এবং আমার সাথে সৌজন্য সাক্ষাত করেন।

পরিদর্শনকালে কোরিয়ার রাষ্ট্রদূত আমাকে এদেশে মেয়েদের ফুটবলের উন্নতিকল্পে সার্বিক সহায়তা প্রদানের আশ্বাস দেন।

এছাড়াও বাংলাদেশে নারী ফুটবলের দীর্ঘমেয়াদী উন্নতি পরিকল্পনার বিষয়ে পরবর্তীতে আমাদের সাথে আরো কথা বলবেন বলেও তিনি জানান।

তৃতীয় শ্রেনীর রেফারিদের পদোন্নতি পরীক্ষা সম্পন্ন

তৃতীয় শ্রেনীর রেফারিদেরকে দ্বিতীয় শ্রেনিতে পদোন্নতি প্রদানের লক্ষ্যে বাফুফের আয়োজনে অনুষ্ঠিত হয় দুই পর্ব বিশিষ্ট পদোন্নতি পরীক্ষা।

প্রথম পর্বে রেফারিগন ফিজিক্যাল ফিটনেস টেস্টে অবতীর্ণ হন এবং দ্বিতীয় পর্বে তাদের জন্য ছিল একটি লিখিত পরীক্ষা।

গত ২৬ এপ্রিল অনুষ্ঠিত এই পরীক্ষায় মোট ৪৩ জন রেফারি অংশগ্রহন করে।

রেফারিদের ত্রৈমাসিক ফিটনেস টেস্ট অনুষ্ঠিত

বাফুফের আয়োজনে বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে ২০১৯ সালের প্রথম ‘রেফারিদের ত্রৈমাসিক ফিটনেস টেস্ট’ অনুষ্ঠিত হয় গত ১২ এপ্রিল।

মোট ৮৭ জন রেফারি এই পরীক্ষায় অংশগ্রহণ করে।

একই মাঠে বছরের দ্বিতীয় এবং তৃতীয় ফিটনেস টেস্ট অনুষ্ঠিত হবে যথাক্রমে ২ আগস্ট এবং ৬ ডিসেম্বর।

গ্যাজপ্রম F4F এর জন্য অ ১২ ট্রায়াল

আগামী ২৮ মে থেকে ২ জুন পর্যন্ত স্পেনের রাজধানী মাদ্রিদে উয়েফা চ্যাম্পিয়ন্স লীগ ২০১৮-১৯ এর ফাইনাল ম্যাচ এবং সমাপনী অনুষ্ঠান আয়োজিত হবে।

চ্যাম্পিয়ন্স লীগ ফাইনাল উপলক্ষ্যে স্পন্সর কোম্পানি গ্যাজপ্রম 'ফুটবল ফর ফ্রেন্ডশিপের' সপ্তম আসরের আয়োজন করতে যাচ্ছে।

বাংলাদেশ থেকে সর্বোচ্চ তিনজন অ১২ ছেলে অথবা মেয়ে ফুটবলারকে ওই আয়োজনে অংশগ্রহন করার জন্য আমন্ত্রণ জানানো হয়েছে।

প্রতিভাবান একজন গোলরক্ষক, একজন ডিফেন্ডার এবং একজন মিডফিল্ডার বাছাই করতে বাফুফে একটি ট্যালেন্ট হান্ট প্রতিযোগিতার আয়োজন করেছে। প্রতিযোগিতার মাধ্যমে বাছাইকৃত তিন ক্ষুদে প্রতিভাকে পাঠানো হবে মাদ্রিদের F4F আয়োজনে।

অ১২ ছেলে এবং মেয়েদের প্রথম ও দ্বিতীয় উন্মুক্ত বাছাই অনুষ্ঠিত হয় যথাক্রমে গত ২ এবং ৭ এপ্রিল। গ্যাজপ্রম কোম্পানীর আয়োজনে F4F শিশুদের জন্য একটি আন্তর্জাতিক সামাজিক কর্মসূচী।

এই কর্মসূচীর উদ্দেশ্য হলো নতুন প্রজন্মকে বন্ধুত্ব, সমতা, শান্তি এবং বিভিন্ন সংস্কৃতি ও জাতীয়তার প্রতি সম্মান প্রদর্শনের মত সর্বাধিক গুরুত্বপূর্ণ মানবিক মূল্যবোধগুলো বিশ্বজুড়ে তাদের সমবয়সীদের মাঝে ছড়িয়ে দেয়ার কাজে জড়িত করা।

সাফ অ১৫ উইমেন্স চ্যাম্পিয়নশিপ ২০১৯ হতে পারে বাংলাদেশে

এই বছরে অনুষ্ঠিতব্য সাফ অ১৫ উইমেন্স চ্যাম্পিয়নশিপের আয়োজক দেশ হতে পারে বাংলাদেশ। এক্ষেত্রে বাংলাদেশের প্রতিদ্বন্দ্বী ভূটান। শেষ পর্যন্ত কোন দেশ টুর্নামেন্টটি আয়োজন করতে পারবে তা পরে নিশ্চিত করা হবে।

এরকম আরও কিছু বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় এপ্রিল ৩০ এ নেপালের রাজধানী কাঠমন্ডুতে অনুষ্ঠিত সাফ অর্ডিনারি কংগ্রেস ২০১৯ এ।